02 SEP 2016

তারিখ 02 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম ৮

দৈনিক
জনকণ্ঠ

# মানহানি মামলায় শিক্ষা ডট কমের সম্পাদক গ্রেফতার

স্টাফ রিপোর্টার ॥ 'দৈনিক শিক্ষা ডট কম' -এর সম্পাদক সিদ্দিকুর রহমান খানকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুরে শিক্ষা ভবন থেকে গোয়েন্দা পুলিশের একটি দল তাকে গ্রেফতার করে। ডিএমপির উপ কমিশনার (মিডিয়া) মাসুদুর রহমান জানান, ডিবির সাইবার ক্রাইম ইউনিট সিদ্দিকুর রহমানকে গ্রেফতার করেছে। তার বিরুদ্ধে রাজধানীর রমনা থানায় আইসিটি আইনে একটি মামলা রয়েছে।

পুলিশ জানায়, গত ২৯ আগস্ট তার বিরুদ্ধে মানহানির মামলা দায়ের করেন মাউশি অফিদফতরের সাবেক ডিজি ফাহিমা খাতুন। মামলার অভিযোগ বলা হয়, ফাহিমা খাতুন মাউশিতে থাকাকালে বিভিন্ন রকম মানহানিকর খবর প্রকাশ করেছিল দৈনিক শিক্ষা ডট কম।